

## AKASHVANI (Kolkata)

### Regional News Unit

**Date : 27-12-24**

**Desk in Charge :**

**Time : 7-50 PM**

**Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

- ১) প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর শেষকৃত্য হবে আগামীকাল।  
অন্তিম যাত্রা শুরু হবে সকাল সাড়ে ৯টায় নতুন দিল্লিতে কংগ্রেস সদর দপ্তর থেকে।  
# জনগণের শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য আজ দিল্লিতে তাঁর বাসভবনে শায়িত রাখা হয়েছে মরদেহ।  
# রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর পাশাপাশি পশ্চিমবঙ্গের রাজ্যপাল, মুখ্যমন্ত্রী সহ বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।
- ২/ মুখ্যমন্ত্রী আগামী সোমবার সন্দেশখালি সফরে যাচ্ছেন।
- ৩/ সর্বভারতীয় স্তরে প্রতিযোগিতার ক্ষেত্রে তৈরির লক্ষ্যে রাজ্য সরকার সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।
- ৪/ পুরুলিয়ার বান্দোয়ানের রাইকার জঙ্গল ছেড়ে বাঘিনী-জিনাত মানবাজারের সোনারুড়ির জঙ্গলে আশ্রয় নিয়েছে।
- ৫/ বাংলা, মহিলাদের সিনিয়র একদিনের ক্রিকেট ট্রফির ফাইনালে উঠেছে।

\*\*\*\*\*

প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর শেষকৃত্য হবে আগামীকাল।  
অন্তিম যাত্রা শুরু হবে আগামীকাল সকাল সাড়ে ৯টায় নতুন দিল্লিতে কংগ্রেস সদর  
দপ্তর থেকে।

কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল সমাজমাধ্যমে জানিয়েছেন, প্রাক্তন  
প্রধানমন্ত্রীর নশ্বর দেহ আজ দিল্লিতে তাঁর বাসভবনে জনগণের শেষ শ্রদ্ধা নিবেদনের  
জন্য শায়িত রাখা হয়েছে। আগামীকাল সকালে মরদেহ নিয়ে যাওয়া হবে কংগ্রেস  
দপ্তরে। সেখানে দলীয় কর্মী এবং জনগণ তাঁর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করতে  
পারবেন। তারপর শুরু হবে শোক যাত্রা। পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন হবে।

প্রাক্তন প্রধানমন্ত্রীর মৃত্যুতে সাত দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে। বাতিল করা  
হয়েছে সমস্ত সরকারি কর্মসূচী। শেষকৃত্যের দিন সমস্ত কেন্দ্রীয় সরকারি এবং  
রাষ্ট্রায়ত্ত্ব সংস্থায় অর্ধদিবস ছুটি ঘোষণা করা হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর প্রয়াণে গভীর শোক  
প্রকাশ করেছে। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত শোক প্রস্তাবে ডক্টর সিং-এর স্মৃতির প্রতি  
শ্রদ্ধা জানিয়ে বলা হয়েছে, দেশ একজন বিশিষ্ট রাষ্ট্রনেতা, প্রখ্যাত অর্থনীতিবিদ এবং  
বিশিষ্ট এক নেতাকে হারালো। জাতীয় জীবনে তাঁর যথেষ্ট প্রভাব ছিল। মনমোহন  
সিং-এর স্মৃতিতে বৈঠকে দু-মিনিট নীরবতাও পালন করা হয়।

\*\*\*\*\*

প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করেছেন  
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।  
নতুন দিল্লিতে ডক্টর সিং-এর বাসভবনে আজ তাঁরা পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানান।  
বিভিন্ন রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীরাও প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রয়াণে শোকব্যক্ত  
করেছেন। পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস তাঁর শোক বার্তায়  
মনমোহন সিং-এর স্মৃতিচারণা করে বলেছেন-

( বাইট- আনন্দ বোস )

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও তাঁর সঙ্গে কাজ করার অভিজ্ঞতার কথা উল্লেখ করে গভীর শোক প্রকাশ করেছেন।

প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য মনমোহন সিংয়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করে বলেছেন, তিনি অনন্য সাধারণ ব্যক্তিত্বের অধিকারী ছিলেন। প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মনমোহন সিংয়ের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, ডক্টর মনমোহন সিং ছিলেন জ্ঞানের, ঐক্যের ও সেবার এক উচ্চ স্তম্ভ। অর্থনীতিবিদ, রাজনীতিক হিসেবে তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

কলকাতার প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধানভবনে আজ প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। ডঃ মনমোহন সিংয়ের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য, প্রদেশ কংগ্রেস নেতা পার্থ ভৌমিক সহ নেতৃবৃন্দ প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং-কে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও বিশিষ্ট অর্থনীতিবিদ ডক্টর মনমোহন সিং এর প্রয়াণে সিপিআইএম গভীর শোক প্রকাশ করেছে। সিপিআইএম-এর কোঅর্ডিনেটর প্রকাশ কারাত গভীর শোক প্রকাশ করে বলেন, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং ছিলেন, ধর্মনিরপেক্ষ শক্তির প্রতি দায়বদ্ধ।

( বাইট- প্রকাশ কারাত)

সিপিআইএম-এর পলিটব্যুরোর সদস্য ও রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম শোক জ্ঞাপন করে বলেন, আত্মপ্রচারবিমুখ মনমোহন সিং অত্যন্ত সরল জীবন যাপন করতেন।

\*\*\*\*\*

প্রাক্তন প্রধানমন্ত্রী তথা বিশ্বভারতীর প্রাক্তন আচার্য ডঃ মনমোহন সিংয়ের প্রয়াণে পৌষ মেলার বিনোদন মঞ্চের যাবতীয় অনুষ্ঠান বাতিল করা হয়েছে। তবে, পৌষমেলা যথারীতি চলবে।

নদীয়া জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রয়াণে ভাষা উৎসব ও মেলা বন্ধ রাখা হয়েছে। আজ থেকে তা' হওয়ার কথা ছিল। পরে আবার কবে মেলা হবে, প্রশাসনের পক্ষ থেকে তা' জানিয়ে দেওয়া হবে।

উল্লেখ্য, ৯২ বছর বয়সে প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং গতসন্ধ্যায় দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সাইন্সেসে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। দীর্ঘদিন তিনি বার্ধক্য-জনিত অসুস্থতায় ভুগছিলেন। বাড়িতেই তিনি সংজ্ঞা হারান। রাত আটটা নাগাদ এইমস-এর জরুরী বিভাগে তাঁর চিকিৎসা শুরু হয়। কিন্তু সমস্ত চেষ্টা ব্যর্থ করে দিয়ে রাত ন'টা ৫১ মিনিট নাগাদ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী চলতি মাসের ৩০ তারিখ সন্দেশখালি যাচ্ছেন।

ঐদিন দুপুরে সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে বিভিন্ন সরকারি প্রকল্পে ২০ হাজার উপভোক্তার হাতে সহায়তা প্রদানের তিনি সূচনা করবেন। মুখ্যমন্ত্রীর সন্দেশখালি সফর রাজনৈতিক দিক থেকেও তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। কারণ গত লোকসভা ভোট পর্বে ওই এলাকায় নারী নিগ্রহের অভিযোগ নিয়ে সর্বভারতীয় রাজনীতিতে আলোড়ন তৈরি হওয়ার পর এটাই মুখ্যমন্ত্রীর প্রথম সন্দেশখালি সফর।

আগামী দোসরা জানুয়ারী নবান্ন সভাঘরে রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে বসবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

\*\*\*\*\*

অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম করে তোলাবাজির চেষ্টার অভিযোগের প্রেক্ষিতে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, কলকাতার এমএলএ হোস্টেলের সুপারকে তদন্ত করে রিপোর্ট জমা দিতে নির্দেশ দিয়েছেন। আজ অধ্যক্ষ সাংবাদিকদের জানান, একই সঙ্গে পুলিশের কাছ থেকেও এব্যাপারে তথ্য চাওয়া হয়েছে। বিজেপি বিধায়কের সুপারিশেই অভিযুক্তদের হস্টেলের ঘর দেওয়া হয়েছে বলে বিধানসভার নথিতে উল্লেখ রয়েছে।

\*\*\*\*\*

সর্বভারতীয় স্তরে প্রতিযোগিতার ক্ষেত্রে তৈরির লক্ষে রাজ্য সরকার সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল আজ সাংবাদিকদের বলেন আগামী শিক্ষাবর্ষ। নতুন পদ্ধতিতে একটি শিক্ষাবর্ষকে দুই ভাগ করে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পড়ুয়া ছাত্রছাত্রীদের নিয়ে জুন মাসে ৪০ নম্বরের এবং জুলাই থেকে ডিসেম্বরের মধ্যে দ্বিতীয় সেমিস্টারের ৬০ নম্বরের উপরে পরীক্ষা নেওয়া হবে বলে তিনি জানিয়েছেন।

২০২৬ এ প্রাথমিকের পাঠ্যক্রমেও বদল আসবে বলে তিনি জানিয়েছেন। পাশাপাশি আগামী শিক্ষাবর্ষ থেকে সেমিস্টার পরীক্ষার প্রশ্নপত্র বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের পরিবর্তে পর্ষদ করবে বলে সভাপতি জানিয়েছেন। সারা রাজ্যে একই প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ইতিমধ্যেই এই প্রস্তাবে অনুমোদন দিয়েছেন বলে তিনি জানান।

উল্লেখ্য উচ্চ মাধ্যমিক স্তরে এই পদ্ধতিতে ইতিমধ্যে পরীক্ষা নেওয়া শুরু হয়েছে।

\*\*\*\*\*

যোগ্যতা ও মেধার ভিত্তিতে নিযুক্ত স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ প্যানেলে নিযুক্ত শিক্ষক শিক্ষা কর্মীদের বহাল রাখার দাবিতে আজ কয়েক হাজার শিক্ষক-শিক্ষাকর্মী মিছিল শিয়ালদহ স্টেশন থেকে ধর্মতলা পর্যন্ত। পরে রানী রাসমণি রোডে এসে লাগাতার অবস্থান শুরু করেছে। প্রসঙ্গত এই প্যানেলের ২৫ হাজার ৭৫৩ জনের চাকরি বাতিল করেছে হাইকোর্ট, গত ২২ এপ্রিল। বর্তমানে সুপ্রিম কোর্টে বিচারাধীন এই মামলায় আপাতত স্থগিতাদেশ রয়েছে। ৭ই জানুয়ারি সুপ্রিম কোর্টে পরের শুনানি।

\*\*\*\*\*

মধ্যপ্রদেশে কাজ করতে গিয়ে মৃত্যু হয়েছে মালদার তিন পরিযায়ী শ্রমিকের। মালদার ইংলিশ বাজার ব্লকের অমৃতি গ্রাম পঞ্চায়েত এবং ফুলবাড়িয়া গ্রাম পঞ্চায়েত এলাকার

বাসিন্দা আজমির মোমিন, সিন্টু মোমিন এবং মোবারক নাদাব, মধ্যপ্রদেশে কাজে যান। সেখানে বিদ্যুতের টাওয়ারে কাজ করার সময় তা' ভেঙে মৃত্যু হয় তাঁদের।

\*\*\*\*\*

পুরুলিয়ার বান্দোয়ানের রাইকার গভীর জঙ্গলে আশ্রয় নেওয়া বাঘিনী-জিনাত ওই জঙ্গল ছেড়ে পাড়ি দিয়েছে মানবাজার বনাঞ্চলের ডাঙ্গড়ি এলাকায়। তিন বছরের বাঘিনীটির এখন আশ্রয়স্থল, সোনাঝড়ির জঙ্গল।

সিমলিপাল থেকে আসা ব্যাঘ্র প্রকল্পের আধিকারিকরা আজ সকালে রেডিও সিগনালের মাধ্যমে তার সর্বশেষ হাল হকিকত জানতে পারেন। বান্দোয়ানের তুলনায় এই অঞ্চলে জনবসতি বেশী হওয়ায়, উদ্বিগ্ন বনদপ্তর ব্যাপক তৎপরতা শুরু করেছে। ব্লক প্রশাসনের পক্ষ থেকে বুরুডি, বোরো, ধরমপুর ও ডাঙ্গড়ি গ্রামে প্রচার চালিয়ে মানুষকে সাবধান করা হচ্ছে। মহকুমা পুলিশ আধিকারিক বরুণ বৈদ্য'ও এলাকায় গেছেন। যে জায়গায় বাঘিনীটি রয়েছে, যুদ্ধকালীন তৎপরতায় সেখানে জাল দিয়ে ঘিরে দেওয়ার কাজ শুরু করেছেন বনকর্মীরা। এখনো পর্যন্ত আড়াই কিলোমিটারের মতো এলাকা জাল দিয়ে ঘেরা হয়েছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

\*\*\*\*\*

বর্ধমানের বৃন্দবুদের দেবশলা ও কাঁকসা এলাকায় ধুসর নেকড়ে জাতীয় প্রাণী হেরোল-এর হামলায় একটি শিশু সহ ১৫ জন গুরুতর জখম হয়েছে। আহতদের প্রথমে পানাগড় ব্লক হাসপাতালে, পরে সেখান থেকে ১১ জনকে দুর্গাপুর মহকুমা হাসপাতাল ও শিশুটিকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

আমাদের জেলা সংবাদদাতা এই খবর দিয়ে জানাচ্ছেন, গ্রামবাসীদের হাতে একটি হেরোল-এর মৃত্যু হয়েছে। আরো হেরোল-এর সন্ধানে বনদপ্তরের লোকজন এবং পুলিশ, তল্লাশি চালাচ্ছে। এলাকাটি ঘিরে রাখা হয়েছে। হিংস্র জন্তুর ভয়ে দেবশলা ও কাঁকসা এলাকায় আতঙ্ক ছড়িয়েছে। স্থানীয় অধিবাসীরা গ্রাম পাহারা দিতে শুরু করেছেন।

\*\*\*\*\*

মালদার চাঁচল দু-নম্বর ব্লকের মালতিপুরে আমবাগানের মধ্য থেকে যে অর্ধদণ্ড মৃতদেহটি উদ্ধার হয়, তাঁর পরিচয় এখনো জানা যায়নি। স্থানীয় বাসিন্দাদের অনুমান, মৃতদেহটি কোনো মহিলার। তাঁকে ধর্ষণ ও খুন করে প্রমাণ লোপাটের জন্য পুড়িয়ে দেওয়া হয়। পুলিশ আধপোড়া দেহের অংশ ময়নাতদন্তে পাঠিয়েছে। ঘটনাস্থলের কাছের বাঁশঝাড় থেকে উদ্ধার হয়েছে একটি ছুরি।

\*\*\*\*\*

তিন দফা দাবীতে উত্তরবঙ্গে ‘ফুলবাড়ি বর্ডার ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশন’, আগামী রবিবার থেকে ‘আমরণ অনশন’-এর ডাক দিয়েছে। শিলিগুড়ি জার্নালিস্ট ক্লাবে আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানানো হয়।

বর্ডার ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশন ছাড়াও, ফুলবাড়ি এক্সপোর্ট ওয়েলফেয়ার, ড্রাইভার ওয়েলফেয়ার ও CNF অ্যাসোসিয়েশন-এর সদস্যরাও এই অনশনে সামিল হবেন।

\*\*\*\*\*

বাংলা, মহিলাদের সিনিয়র একদিনের ক্রিকেট ট্রফির ফাইনালে উঠেছে। রাজকোটে আজ সেমিফাইনালে বাংলা ছয় উইকেটে গতবারের চ্যাম্পিয়ন রেলওয়েজকে হারিয়ে দিয়েছে।

জয়ের জন্য ৩০১ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে বাংলা ছয় বল বাকি থাকতে চার উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়।

ধারা গুজ্জার ১২৩, মিতা পাল ৭৬ রান করেন।

\*\*\*\*\*

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং, ওড়িশা এফ সি-র মুখোমুখি হয়েছে।

একটু আগে পাওয়া খবরে জানা গেছে, খেলা গোলশূণ্য রয়েছে।

\*\*\*\*\*